

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট  
খাদ্য অধিদপ্তর  
১৬ আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।

স্মারক নং-খাদ্য/কম্পিউটার/বৈধ সফটওয়্যার-০১/২০০৮/৩৫

তারিখ : ০৭/১০/২০১০ খ্রিঃ।

**বিষয়ঃ সরকারী কাজে কম্পিউটারে বাংলার ব্যবহার দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণে অনতিবিলম্বে বাংলা ইউনিকোড এর ব্যবহার শুরু করা প্রসংগে।**

- সূত্রঃ** ১। অত্র দপ্তরের স্মারক নং-খাদ্য/কম্পিউটার/বৈধ সফটওয়্যার-০১/২০০৮/৩১ তারিখঃ ২৬/০৮/১০ ইং।  
২। মন্ত্রণালয়ের স্মারক নং-১৩.০২৫.০৩১.০৪.০০.০০৪.২০১০-৬৬ তারিখঃ ০৩/১০/২০১০ ইং।  
৩। মন্ত্রণালয়ের স্মারক নং-১৩.০২৫.০৩১.০৪.০০.০০৪.২০১০-৪৪ তারিখঃ ০৩/০৬/২০১০ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকত্রয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারী কাজে কম্পিউটারে বাংলার ব্যবহার দ্রুত প্রমিতকরণ নিশ্চিতকরণে অনতিবিলম্বে বাংলা ইউনিকোড এর ব্যবহার শুরু করার জন্য বলা হয়েছিল। এলক্ষ্যে সকল দপ্তরে ইউনি কোড ভিত্তিক অভ্র কিবোর্ড, নিকস ফন্ট ডাউনলোড করে দেয়া হয়েছে। এমতাবস্থায় দাপ্তরিক চিঠিপত্র যোগাযোগ ও অন্যান্য অফিশিয়াল কাজে ইউনিকোড ভিত্তিক সফটওয়্যার সমূহ ব্যবহার নিশ্চিত করনের জন্য নির্দেশ প্রদান করা হল। উল্লেখ্য এখন থেকে খাদ্য বিভাগ, সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়ে ইউনিকোড বাংলায় লিখিত চিঠিপত্র প্রেরণ করতে হবে। ইউনিকোড বাংলা কার্যক্রম ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে কিনা এবং ব্যবহার কার্যক্রম গ্রহণ করা না হয়ে থাকলে জরুরী ভিত্তিতে বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনায় নিয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হল।

০১.	অভ্র কিবোর্ড	www.omicronlab.com
০২.	নিকস ফন্ট	www.ecs.gov.bd/Bangla
০৩.	নিকস ইউনিকোড কনভার্টার	www.ecs.gov.bd/Bangla

এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ এবং খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনা ও তাগিদ রয়েছে।

স্বাক্ষরিত ০৭/১০/২০১০  
(আহমদ হোসেন খান)  
মহাপরিচালক  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-খাদ্য/কম্পিউটার/বৈধ সফটওয়্যার-০১/২০০৮/৩৫ (২৭)

তারিখ : ০৭/১০/২০১০ খ্রিঃ।

বিতরণঃ কার্যকরী ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

- ০১। পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ/পউকা/সববি/সংগ্রহ/চসসা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।  
০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগ। অধীনস্থ সকল স্থাপনায় ফ্যাক্স প্রেরণের জন্য অনুরোধ করা হল।  
০৩। অতিরিক্ত পরিচালক, এম.আই.এস.এন্ড এম খাদ্য অধিদপ্তর, ঢাকা। সকল আখানি কে ফ্যাক্স প্রেরণের অনুরোধ করা হল।  
০৪। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।  
০৫। চীফ মিলার, ময়দা ও পশু খাদ্য মিল, পোস্তগোলা, ঢাকা।  
০৬। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/খুলনা/নারায়নগঞ্জ/আশুগঞ্জ/সান্তাহার সাইলো।  
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, খাদ্য অধিদপ্তর, ঢাকা।  
০৮। অফিস কপি।